

" নিয়োগ বিজ্ঞপ্তি "

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের বাস্তবায়নধীন "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা" শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত সাকুল্য (Consolidate) বেতনে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নির্ধারিত আবেদন ফর্মে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও সাকুল্য বেতন	পদ সংখ্যা	সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
১।	রেশম প্রতিপাদক (গ্রেড-১৫) সর্বসাকুল্য বেতন- ৩০-০৬-২০১৬ পর্যন্ত ১৩,০০০/- ০১-০৭-২০১৬ থেকে ১৬,২৫০/-	(ক) ০৭ (মুক্তিযোদ্ধা কোটায়) (খ) ০৫ (অন্যান্য কোটায়) উভয় ক্ষেত্রে পদ সংখ্যা বৃদ্ধি হতে পারে।	বয়স অনূর্ধ্ব-৩০ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩২ বছর।	বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট হতে ২(দুই) বছরের সার্টিফিকেট কোর্স পাস অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে উদ্ভিদবিদ্যা/প্রাণিবিদ্যায় স্নাতক পাস।
২।	ওয়ার্ক এ্যাসিস্ট্যান্ট (গ্রেড-১৬) সর্বসাকুল্য বেতন- ৩০-০৬-২০১৬ পর্যন্ত ১২,৫০০/- ০১-০৭-২০১৬ থেকে ১৫,৬৫০/-	০১	বয়স অনূর্ধ্ব-৩০ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩২ বছর	উচ্চ মাধ্যমিক পাশ অথবা সমমান।

শর্তসমূহঃ

- ১। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদগুলো সম্পূর্ণ অস্থায়ীভাবে শুধুমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য বহাল থাকবে।
- ২। আবেদন পত্রের “ছক” বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ওয়েব সাইট www.bsb.gov.bd থেকে ডাউন লোড করার পর যথাযথভাবে পূরণ করে আবেদন করতে হবে।
- ৩। ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদন পত্রের সাথে সংযুক্ত করে প্রেরণ করতে হবে।
- ৩। খামের উপর বাম দিকে পদের নাম, নিজ জেলার নাম ও কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।
- ৪। পরীক্ষার ফি বাবদ প্রকল্প পরিচালক (বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা) বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী এর অনুকূলে যে কোন তফশিল ব্যাংক হতে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সাথে জমা দিতে হবে।
- ৫। (ক) আবেদনপত্র আগামী ২৮-০৪-২০১৬খ্রিঃ তারিখের (অফিস চলাকালীন সময়) মধ্যে ডাকযোগে/সরাসরি প্রকল্প পরিচালক, বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রেশম ভবন, বালিয়াপুকুর, রাজশাহী বরাবরে প্রেরণ/পৌছাতে হবে।
(খ) অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।
(গ) ১০/- টাকার ডাক টিকিটসহ খামের উপরে পদের নাম এবং প্রার্থীর নিজ বর্তমান ঠিকানা খামের ডান পাশে প্রাপকের জায়গায় লিখা সম্বলিত ৯" X ৪" সাইজের একটি খাম (প্রার্থীর নিকট প্রবেশপত্র প্রেরণের জন্য) আবেদনের সাথে অবশ্যই দাখিল করতে হবে।
- ৬। আবেদন বাছাইয়ের পর কেবল উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় ডাকা হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৭। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

চলমান পাতা/২

:২:

- ৮। উপরিউক্ত পদে নিয়োগের ক্ষেত্রে কোটাসহ অন্যান্য সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।
- ৯। আবেদন পত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। কর্তৃপক্ষ সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয়, এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে।
- ১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

বারেউবো/রাজ/জন-০৯/৩১-০৩-১৬

স্বাক্ষরিত
তারিখঃ ৩১/০৩/২০১৬
(মোঃ সেরাজুল ইসলাম)
প্রকল্প পরিচালক
বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও
উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা।